দৈনিক ইনকিলাব

তারিখ ... 2-6-MAY-2003
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ১ ...

# শিক্ষক নিয়োগ সংবাদ প্রসঙ্গে মন্ত্রণালয়ের ব্যাখ্যা

তথ্য বিবরণী : গত বৃহস্পতিবার বিভিন্ন পত্র-পত্রিকায় বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক নিয়োগ সংক্রান্ত মন্ত্রণালয়ের জারিকৃত পরিপত্রের ওপর প্রকাশিত প্রতি সরকারের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদে সরকারের জারিকৃত পরিপত্রের ওপর নানা মন্তব্য করা হয়েছে– যা নিম্নরূপ ব্যাখ্যা দাবী করে। অনেক বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে দীর্ঘদিন ধরে শিক্ষক নিয়োগে নানা দুর্নীতি ও অনিয়মের অভিযোগ

৭-এর পৃঃ ২-এর কঃ দেখুন

## মন্ত্রণালয়ের ব্যাখ্যা

৮-এর পৃষ্ঠার পর

সরকারের গোচরে আছে। এ সকল দুর্নীতির কারণে মেধাভিত্তিক যোগ্য ব্যক্তিগণ শিক্ষকতা পেশায় আসতে পারছেন না। ফলে শিক্ষার মানেরও ক্রমাবনতি হচ্ছে। জাতীয়ভাবে শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে এ ধরনের দুর্নীতি রোধের জন্য শিক্ষক সমাজ থেকেও নানা দাবী এসেছে। এমনকি শিক্ষক সমিতিসমূহ শিক্ষক নিয়োগের ক্ষেত্রে এ ব্যাপক দুর্নীতি বন্ধসহ শিক্ষক নিয়োগে স্বচ্ছতা আনয়নের জন্য বিভিন্ন দাবী করে আসছে। এ কারণে শিক্ষার গুণগত মানোন্নয়নের ও মানসম্মত শিক্ষক নিয়োগের লক্ষ্যে সরকার জেলা মাধ্যমিক ও উচ্চশিক্ষা কমিটি গঠন করেছে এবং এর আওতা ও কার্যপরিধির আলোকে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা) শিক্ষক নিয়োগের প্যানেল প্রস্তুতির জন্য কমিটি গঠন করা হয়েছে।

দেশের প্রায় ৯৮% শিক্ষা বেসরকারীভাবে পরিচালিত হচ্ছে এবং সরকার বাজেটে শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দ প্রদান করে বিপুল পরিমাণ অর্থ ব্যয় করছে, কিন্তু ব্যয়ানুগ অর্জন হচ্ছে না। উক্ত পরিপত্রের আলোকে জেলা মাধ্যমিক ও উচ্চশিক্ষা কমিটির সাহায্যে প্রচলিত জনবল কাঠামো নিয়োগ নীতিমালা ও শিক্ষা মন্ত্রণালয় হতে জারিকৃত পরিপত্র বা আদেশ যথাযথ অনুসরণ করে লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের মেধা ও যোগ্যতার ভিত্তিতে শিক্ষক নিয়োগ সংক্রান্ত প্যানেল প্রস্তুতের জন্য একটি জেলা কমিটি গঠন করা হয়েছে। কমিটি সরকারী নীতিমালা কঠোরভাবে অনুসরণ করবে এবং সুশিক্ষার জন্য সুযোগ্য শিক্ষকের মেধাভিত্তিক প্যানেল প্রস্তুত করবে। ইতোমধ্যে এ নতুন পদ্ধতি সকল মহলে ব্যাপকভাবে প্রশংসিত হয়েছে এবং শিক্ষার গুণগত মানোন্নয়নের ক্ষেত্রে এটি সুফল বয়ে আনবে। ইতোমধ্যে সরকারের এ পদক্ষেপকে সমাজের বিভিন্নস্তরের সচেতন দেশপ্রেমিক নাগরিকগণ স্বাগত জানিয়েছেন।

সরকার আশা করে, উপরোক্ত ব্যাখ্যা প্রদানের মাধ্যমে সংশ্লিষ্ট বিষয়ে সকলের বিভ্রান্তি দূর হবে এবং সংশ্লিষ্ট সকলে সরকারের এ ধরনের গঠনমূলক সিদ্ধান্ত বাস্তবায়নে সহযোগিতার হাত বাড়িয়ে দেবেন।